



খ)বিক্রয়েরমাধ্যমে স্বত্বগত উপযোগ সৃষ্টি হয়-ব্যাখ্যা কর।২

গ)উদ্দীপকে জনাব রাসেলের ঢাকায়শাড়ী সরবরাহের কাজে নিজস্ব গাড়ী ব্যবহারের মাধ্যমে বিপননের যে কাজটি সম্পন্ন হয়েছে তা উল্লেখপূর্বক ব্যাখ্যা কর।৩

ঘ)উদ্দীপকে উল্লিখিত শাড়ীর দোকান কর্তৃক পছন্দের শাড়ী নির্বাচন সুবিধার জন্য সম্পাদিত বিপনন কাজের যৌক্তিকতা বিশ্লেষণ কর।৪

৬।জনাব নয়ন উন্নত মানের সুতা ক্রয় করে জামদানি শাড়ি তৈরি করেন। বয়স অনুযায়ী মানসম্মত শাড়ি তৈরি করার জন্য চারদিকে তার ব্যাপক সুনাম সৃষ্টি হয়েছে। তিনি নিজস্ব প্রযুক্তি ব্যবহার করে দেশে জামদানি শাড়ি তৈরির মাধ্যমে মধ্যম আয়ের মানুষের কল্যাণে নিয়োজিত থাকার সিদ্ধান্ত নিয়েছেন।


ক)বাজার কী?১

খ)ভোক্তাকে বিপনন মিশ্রণের কেন্দ্রবিন্দুতে রাখা হয় কেন?ব্যাখ্যা কর।২

গ)উল্লিখিত উদ্দীপকে জনাব নয়ন বাজার বিভক্তিকরণের কোন চলকটি ব্যবহার করেছেন?৩

ঘ)মধ্যম আয়ের মানুষের জন্য জামদানি শাড়ি তৈরিতে নয়ন কতটুকু সফলকাম হবে বলে তুমি মনে কর?মতামত দাও।৪

৭।বিপনন মিশ্রণের চারটি উপাদান।এ উপাদানগুলো নিম্নে চিত্রের সাহায্যে দেখানো হলো-



ক)বিজ্ঞাপন কী?১

খ)বিপননের সহায়ক বলতে কী বুঝায়?২

গ)কালো বক্সের উপাদানটি ব্যাখ্যা কর।৩

ঘ)চিত্রে উল্লিখিত উপাদানগুলো যে বিষয়কে কেন্দ্র করে আর্বাতিত হয় তার যৌক্তিকতা মূল্যায়ন কর।৪

৮।লামিয়া জাহান যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণ করে নিজের বাড়িতে হাঁস-মুরগী লালন শুরু করেছেন।উৎপাদিত দেশীয় ডিমের প্রচুর চাহিদা থাকায় তিনি নিজের বাড়িতেই সেগুলো বিক্রি করে দেন।বাজার সম্প্রসারণের লক্ষ্যে ঢাকার অভিজাত বসুন্ধরায় তিনি ডিম সরবরাহের উদ্যোগ গ্রহণ করেছেন।

ক)মূল্য কী?১

খ)কেন বাজার বিভক্তিকরণ করা হয়?২

গ)লামিয়া জাহান নিজের বাড়িতে উৎপাদিত ডিম কোন বাজারে বিক্রয় করেছেন?ব্যাখ্যা কর।৩

ঘ)বসুন্ধরায় ডিম সরবরাহে লামিয়া জাহান বাজার বিভক্তিতে কোন বিষয়টিকে প্রাধান্য দিয়েছেন?মতামত দাও।৪

৯।কারিনা একজন ফ্যাশন ডিজাইনার।তিনি তার উত্তরার বাসায় একটি শোরুম স্থাপন করে নিজের ডিজাইন করা পোশাক বিক্রয় করেন।তিনি প্রতিযোগীদের সাথে মিল রেখে পোশাকের মূল্য নির্ধারণ করে থাকেন।আসন্ন ঈদ উপলক্ষে তিনি ১০ হাজার টাকার পোশাক ক্রয় করলে ৫% ছাড় দেওয়ার ঘোষণা দিয়েছেন।

ক)অযাচিত পণ্য কী?১

খ)বিপণন প্রসার বলতে কী বোঝায়?২

গ)কারিনা কোন পদ্ধতিতে তার তৈরি পোশাকের মূল্য নির্ধারণ করে থাকেন?ব্যাখ্যা কর।৩

ঘ)৫% মূল্য ছাড় দেওয়ার পর কারিনা কতটুকু লাভবান হতে পারবেন বলে তুমি মনে কর?মতামত দাও।৪

১০।জনাব রাহাত পল্লী চিকিৎসক। সে রোগী দেখে এবং গ্রামের বাজারে ছোট একটি ঔষধের দোকান চালায়।দিনে রাতে মানুষ ঔষধের জন্য তার স্বরণাপন্ন হয়। সে আগে শহরের বড় দোকান থেকে ঔষধ কিনে আনলেও এখন কোম্পানির লোকজন সরাসরি তাকে ঔষধ দিয়ে যায়।এতে সে কম দামে ঔষধ পায় এবং ক্রেতাদেরকে তুলনামূলক স্বল্প মূল্যে ঔষধ সরবরাহ করতে পারায় সে সন্তুষ্ট।

ক)শিল্প পণ্য কী?১

খ)কেন পণ্য মূল্য নির্ধারণ করা হয়?ব্যাখ্যা কর।২

গ)জনাব রাখাত সে ভোগ্যপণ্য বিক্রয় করে তা পণ্যের প্রকৃতি বিবেচনায় কোন ধরনের-ব্যখ্যা কর।৩

ঘ)কোম্পানি গুলো যে বন্টনপ্রণালী ব্যবহার করে তাঁর নিকট ঔষধ পৌঁছে দেয়,প্রকৃত ক্রেতাদের উপর তার প্রভাব মূল্যায়ন কর।৪

১১।জিহাদ করপোরেশন বিদেশ থেকে ডান্ডে গুড়া দুধ আমদানি করে টিনজাত করে বিক্রয় শুরু করে। এরপর তারা এ্যালুমিনিয়াম ফয়েল প্যাকেটে এ ধরনের দুধ বিপণন করায় তা ব্যাপক জনপ্রিয়তা পায়।কিন্তু এখন ডান্ডে ব্যান্ডের গুড়ো দুধ প্রতিযোগীদের ভীড়ে কোনঠাসা। তাই কোম্পানিটি ইতিমধ্যে বিদেশি বিভিন্ন ব্যান্ডের কসমেটিক্স সামগ্রী বাজারে নিয়ে এসেছে।

ক)একচেটিয়া বাজার কী?

খ)পণ্যের জীবন চক্রের প্রবৃদ্ধি স্তরই সর্বোত্তম-কেন?২

গ)উদ্দীপকে উল্লিখিত পন্যটির বিক্রয় বৃদ্ধিতে বিপননের কোন কাজের ভূমিকা বেশি ছিল?ব্যখ্যা কর।৩

ঘ)উদ্দীপকের ব্যান্ডটি পণ্যের জীবন চক্রের যে পর্যায়ে পৌঁছেছে তাতে তাদের নতুন কর্মকান্ডের যৌক্তিকতা বিশ্লেষণ কর।৪